

যুগান্তর

‘শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রদের ভাঙচুর বরদাশত করা হবে না’

প্রকাশ : ১১ মে ২০১৮, ২০:০১ | অনলাইন সংস্করণ

👤 যুগান্তর রিপোর্ট



শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রদের ভাঙচুর বরদাশত করা হবে না বলে সতর্ক করে দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, বিশৃঙ্খলাকারী যেই হোক ব্যবস্থা নেয়া হবে। সেই সঙ্গে শিক্ষকদের মধ্যে বিভেদ বন্ধেরও আহ্বান জানান তিনি।

গুৱাবার বিকালে ছাত্রলীগের ২৯তম সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন প্রধানমন্ত্রী।

এ সময় তিনি আরও বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভিসির বাসভবন ভাঙচুরে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হচ্ছে।

প্রধান অতিথির বক্তব্যে ছাত্রলীগের গৌরবোজ্জ্বল ভূমিকার কথা উল্লেখ করেন শেখ হাসিনা। পাশাপাশি বিএনপি-জামায়াত জোটের তীব্র সমালোচনা করে তিনি বলেন, বিএনপি ক্ষমতায় থাকাকালে ছাত্রদের হাতে অস্ত্র তুলে দিয়েছিল বিএনপি।

দেশে শিক্ষার নীতিমালা কেমন হবে তা উল্লেখ করে ছাত্রলীগের প্রতি বিভিন্ন নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, ছাত্রনেতাদের জাতির পিতার দুটি বই পড়তে হবে, সঙ্গে সেই আদর্শকেও বুকে ধারণ করতে হবে। প্রধানমন্ত্রী বলেন, তিনি চান ছাত্রলীগের নতুন নেতৃত্ব সমঝোতার মাধ্যমে আসুক।

জাতীয় সঙ্গীত আর পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে বিকাল ৪টায় আনুষ্ঠানিকভাবে শুরু হয় ছাত্রলীগের ২৯তম কেন্দ্রীয় সম্মেলন। এরপর

শান্তির প্রতীক বেলাুন আর কবুতর উড়িয়ে সম্মেলনের উদ্বোধন করেন ছাত্রলীগের সাংগঠনিক নেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সম্মেলন ঘিরে দেশের বিভিন্ন প্রান্ত থেকে প্রায় ২৫ হাজারেরও বেশি নেতাকর্মী উপস্থিত হন সমাবেশস্থল সোহরাওয়ার্দী উদ্যানে। ছিলেন ডেলিগেটর আর কাউন্সিলররাও।

ছাত্রলীগ নেতারা তাদের বক্তব্যে জানান, নতুন নেতৃত্ব বিষয়ে প্রধানমন্ত্রীর প্রতি শতভাগ আস্থাশীল তারা।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com